

সম্পাদক  
শাহাদত চৌধুরী

নির্বাহী সম্পাদক  
গোলাম মোর্তোজা

সিনিয়র প্রতিবেদক  
জয়ন্ত আচার্য  
বদরুল আলম নাভিল

প্রতিবেদক  
আসাদুর রহমান, জব্বার হোসেন  
রুহুল তাপস, সাজেদুর রহমান  
সহযোগী প্রতিবেদক  
হাসান মূর্তাজা

কার্টুন  
রফিকুন নবী

প্রধান আলোকচিত্রী  
তুহিন হোসেন

নিয়মিত লেখক

আসজাদুল কিবরিয়া, জুটন চৌধুরী  
ফাহিম হুসাইন, পারভীন তানী  
জাহাঙ্গীর আলম জুয়েল

প্রতিনিধি

সুমি খান চট্টগ্রাম

মামুন রহমান যশোর

বিদেশ প্রতিনিধি

জসিম মল্লিক কানাডা

মুনাওয়ার হুসাইন পিয়াল হলিউড

আকবর হায়দার কিরণ নিউইয়র্ক

নাসিম আহমেদ ওয়াশিংটন

নাজমুননেসা পিয়ারী বার্লিন

কাজী ইনসান টোকিও

প্রযুক্তি বিভাগ প্রধান

শাহরিয়ার ইকবাল রাজ

কম্পিউটার গ্রাফিক্স প্রধান

নূরুল কবীর

শিল্প নির্দেশক

কনক আদিত্য

প্রদায়ক আলোকচিত্রী

এ এল অপূর্ব

আনোয়ার মজুমদার

জেনারেল ম্যানেজার

শামসুল আলম

যোগাযোগ

৯৬-৯৭ নিউ ইক্সটন, ঢাকা-১০০০

পিএবিএক্স : ৯৩৫০৯৫১ - ৩

সার্কেলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯

ফ্যাক্স : ৯৩৫০৯৫৪

চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত

লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০

ই-মেইল : s2000@dbn-bd.net

info@shaptahik2000.com

দাম : ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড

৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর

পক্ষে মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত

ও ট্রান্সক্রফট লিঃ, ২২৯ তেজগাঁও

শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।



সারা দেশে ছড়িয়ে পড়ছে বোমা আতঙ্ক। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভালোবাসা দিবসের অনুষ্ঠানে বোমা হামলার পর নওগাঁয় ব্যাংক ও উল্লাপাড়ায় গ্রামীণ ব্যাংকের অফিসে বোমা হামলা হয়েছে।

বোমা হামলায় গ্রেপ্তারকৃত এক জঙ্গি সংগঠনের কর্মী পুলিশের কাছে

স্বীকার করেছে, সাংস্কৃতিক অনুষ্ঠান ও এনজিও অফিসে বোমা হামলা করাই তাদের কাজ। তার এ বক্তব্য সারা দেশে সশস্ত্র জঙ্গি তৎপরতার ভয়াবহতা স্পষ্ট হয়ে উঠেছে। জনমনে আতঙ্ক সৃষ্টি হয়েছে। প্রশ্ন উঠেছে, তাহলে কি ইসলামী জঙ্গি সংগঠনগুলো সশস্ত্র বিপ্লবের প্রস্তুতি নিচ্ছে?

নিউইয়র্ক টাইমসে প্রকাশিত প্রতিবেদনের পর সারা দেশে আলোচনার ঝড় ওঠে। দেশের পত্রিকাগুলোতেও প্রায় প্রতিদিনই সশস্ত্র জঙ্গি তৎপরতার খবর প্রকাশিত হচ্ছে। অথচ সরকার তাদের প্রতিরোধের ন্যূনতম উদ্যোগ নিচ্ছে না। বরং বোমা হামলার পর স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী প্রতিবার একই বয়ান দিচ্ছেন। সরকার নাকি গ্নেড, বোমা হামলাকারীদের গ্রেপ্তারের জন্য চেষ্টা করে যাচ্ছেন। অথচ জনগণ সরকারের দিক থেকে তৎপরতার কোনো লক্ষণ দেখছে না। মাঝখান থেকে এসব ঘটনা নিয়ে সৃষ্টি হচ্ছে ধুমুজাল। আর সরকার ও বিরোধী শিবির রাজনৈতিক ফায়দা লোটার চেষ্টা করছে।

বস্ত্তত দেশে ক্রমবর্ধমান সন্ত্রাসী তৎপরতা ও জঙ্গিদের গ্রেপ্তার নিয়ে সরকার জনগণের সঙ্গে লুকোচুরি খেলছে। প্রধানমন্ত্রী বাংলা ভাইকে গ্রেপ্তারের নির্দেশ দিলেও, স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বলছেন বাংলা ভাইয়ের কোনো অস্তিত্ব নেই। জঙ্গিদের তৎপরতা সরকারের তরফ থেকে নানা কৌশলে অস্বীকার করা হচ্ছে। দেশের ভাবমূর্তির ধূয়া তোলা হচ্ছে। ঘটনা অস্বীকার করলেই প্রকৃত ঘটনা আড়াল করা যায় না। গত দুই দশক ধরে এদেশে মাদ্রাসাকেন্দ্রিক সশস্ত্র ইসলামী জঙ্গি গোষ্ঠী গড়ে উঠেছে। কোনো সরকারই তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেনি। বর্তমানে তারা ডালপালা ছড়িয়ে সারা দেশকে গ্রাস করছে। জামাত, ইসলামী ঐক্যজোট থেকে পাচ্ছে মদদ। তাদের অশুভ তৎপরতা আতঙ্কিত করে তুলছে বিবেকবান মানুষদের। অপর দিকে স্বার্থান্বেষী দেশী ও আন্তর্জাতিক মহল লুটে নিচ্ছে ফায়দা। মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে টিফা চুক্তি স্বাক্ষরের বিষয়টি চূড়ান্ত হয়েছে।

'৫২-র ভাষা আন্দোলন আর '৭১-এর মহান মুক্তিযুদ্ধের ফসল আজকের বাংলাদেশ। এদেশ আজ মৌলবাদী অপতৎপরতায় ক্ষতবিক্ষত। রক্তস্রাব ভাষা আন্দোলনের এ মাসে আমাদের অশুভ এ শক্তির প্রতিরোধে এগিয়ে আসতে হবে। ঐক্যবদ্ধ হতে হবে দলমত নির্বিশেষে বিবেকবান, শুভবুদ্ধির মানুষকে।

